

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২৭, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ১২ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ / ২৬ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং- ২২৩-আইন/২০২৪/২৫৯-মুসক।—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ৩২ক তে প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৮৬-আইন/২০১৯/৪৩-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা So৩৭, So৪৮, So৪৯, So৬০, So৬৫ ও So৭২ এবং উহাদের বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত সেবার কোড ও করযোগ্য সেবা এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে, নিম্নরূপ শিরনামা সংখ্যা, সেবার কোড ও করযোগ্য সেবা এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“So৩৭ So৩৭.০০ যোগানদার (Procurement Provider):

ব্যাখ্যা।—“যোগানদার” অর্থ কোটেশন বা দরপত্র বা কার্যাদেশ বা অন্যবিধভাবে কোনো মন্ত্রণালয়, বিভাগ বা দপ্তর, আধা-সরকারি বা স্বায়ত্বশাসিত কোনো সংস্থা, রাষ্ট্রীয় মালিকানাধীন কোনো প্রতিষ্ঠান, স্থানীয় কর্তৃপক্ষ, পরিষদ বা অনুরূপ

(২০৩৪১)

মূল্য : টাকা ৮.০০

কোনো সংস্থা, এনজিও বিষয়ক ব্যুরো বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক অনুমোদিত কোনো বেসরকারি প্রতিষ্ঠান, কোনো ব্যাংক, বীমা কোম্পানি বা অনুরূপ আর্থিক প্রতিষ্ঠান, কোনো মাধ্যমিক বা তদুর্ধ্ব পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান, কোনো লিমিটেড কোম্পানি এবং দশ কোটি টাকার অধিক বার্ষিক টার্নওভারযুক্ত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট পণের বিনিময়ে অব্যাহতিপ্রাপ্ত সরবরাহ ব্যতীত অন্য যে কোনো পণ্য বা সেবা বা উভয়ই সরবরাহ করেন এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।

S০৪৮ S০৪৮.০০ পরিবহন ঠিকাদার:

ব্যাখ্যা।—“পরিবহন ঠিকাদার” অর্থ এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা বাণিজ্যিক ভিত্তিতে পণের বিনিময়ে কোনো সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা (এনজিও), ব্যাংক, বীমা বা অন্য কোনো আর্থিক প্রতিষ্ঠান, মাধ্যমিক বা তদুর্ধ্ব পর্যায়ের (Post Secondary) শিক্ষা প্রতিষ্ঠান, দশ কোটি টাকার অধিক বার্ষিক টার্নওভারযুক্ত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানিতে, তালিকাভুক্ত হউক বা না হউক, পণের বিনিময়ে যে কোনো পণ্য পরিবহনপূর্বক গন্তব্যস্থলে পৌঁছানোর দায়িত্ব পালন করেন।

S০৪৯ S০৪৯.০০ যানবাহন ভাড়া প্রদানকারী:

ব্যাখ্যা।—“যানবাহন ভাড়া প্রদানকারী” অর্থ এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা বাণিজ্যিক ভিত্তিতে পণের বিনিময়ে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা (এনজিও), ব্যাংক, বীমা বা অন্য কোনো আর্থিক প্রতিষ্ঠান, মাধ্যমিক বা তদুর্ধ্ব পর্যায়ের (Post Secondary) শিক্ষা প্রতিষ্ঠান, দশ কোটি টাকার অধিক বার্ষিক টার্নওভারযুক্ত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানিকে, কার (টোলিক্যাব ব্যতীত), জীপ, মাইক্রোবাস, বাস, কোস্টার, মিনিবাস, ট্রেন, লঞ্চ, স্পীডবোট, ট্রলার বা অনুরূপ যে কোনো নামের বা ধরনের স্থলযান বা জলযান ভাড়া প্রদান করেন।

- So৬০ So৬০.০০ নিলামকৃত পণ্যের ক্রেতা:**
- ব্যাখ্যা।**—“নিলামকৃত পণ্যের ক্রেতা” অর্থ এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি অর্থের বিনিময়ে নিলাম ডাকের মাধ্যমে বা দরপত্র দ্বারা বা দরপত্র ছাড়া কোনো সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা (এনজিও), ব্যাংক, বীমা বা অন্য কোনো আর্থিক প্রতিষ্ঠান, দশ কোটি টাকার অধিক বার্ষিক টার্নওভারযুক্ত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানি বা শিক্ষা প্রতিষ্ঠানের স্বাবর বা অস্বাবর সম্পত্তি বাণিজ্যিক বা ব্যক্তিগত ব্যবহারের উদ্দেশ্যে ক্রয় করিয়া থাকেন।
- So৬৫ So৬৫.০০ ভবন, মেঝে ও অংগন পরিষ্কার বা রক্ষণাবেক্ষণকারী সংস্থা:**
- ব্যাখ্যা।**—“ভবন, মেঝে ও অংগন পরিষ্কার বা রক্ষণাবেক্ষণকারী সংস্থা” অর্থ পণ্যের বিনিময়ে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা (এনজিও), ব্যাংক, বীমা বা অন্য কোনো আর্থিক প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানি, দশ কোটি টাকার অধিক বার্ষিক টার্নওভারযুক্ত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান বা আন্তর্জাতিক সংস্থার ভবন, মেঝে ও অংগন পরিষ্কারের কার্যে নিয়োজিত কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।
- So৭২ So৭২.০০ মানব সম্পদ সরবরাহ বা ব্যবস্থাপনা প্রতিষ্ঠান:**
- ব্যাখ্যা।**—“মানব সম্পদ সরবরাহ বা ব্যবস্থাপনা” অর্থ কোনো মন্ত্রণালয়, বিভাগ বা দপ্তর, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত কোনো সংস্থা, রাষ্ট্রীয় মালিকানাধীন কোনো প্রতিষ্ঠান, স্থানীয় কর্তৃপক্ষ, পরিষদ বা অনুরূপ কোনো সংস্থা, এনজিও বিষয়ক ব্যুরো বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক অনুমোদিত কোনো বেসরকারি প্রতিষ্ঠান, কোনো ব্যাংক, বীমা কোম্পানি বা অনুরূপ আর্থিক প্রতিষ্ঠান, কোনো মাধ্যমিক বা তদুর্ধ্ব পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান, কোনো লিমিটেড কোম্পানি ও দশ কোটি টাকার

অধিক বার্ষিক টার্নওভারযুক্ত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সুনির্দিষ্ট কাজ সম্পাদনের বা সামগ্রিক ব্যবস্থাপনার লক্ষ্যে চুক্তির ভিত্তিতে পণের বিনিময়ে দক্ষ, অদক্ষ জনশক্তি সরবরাহ বা দাপ্তরিক সেবা প্রদানকারী কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা এবং শ্রম হ্যান্ডলিং বা শ্রমিক ঠিকাদার প্রতিষ্ঠান বা শ্রমিক সরবরাহকারী প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোহাম্মদ হাসমত আলী
প্রথম সচিব (মুসক নীতি)।